মেহেরপুরে গাছ ব্যাবসায়ী ও করাত কল মালিকদের রোষানলে হারিয়ে যাচ্ছে তাল গাছ

তাল গাছ। পরিবেশ ও প্রকৃতির বন্ধু শুধু নয়। মানুষের কল্যাণে এর জুড়ি নেই। তালগাছ নিয়ে রচিত হয়েছে অনেক কবিতা ও গান।

তাল গাছের সুমিষ্ট ফল দেয়া ছাড়াও প্রাকৃতিক দুর্যোগ থেকে রক্ষা করে মানুষকে। বর্তমান সরকার তাল গাছ রোপণের উপর জোর দিলেও এক শ্রেণির লোকজন তাল গাছ কাটার মহোৎসবে মেতে উঠেছে। নানা কারণ দেখিয়ে রাস্তার পাশের ও ব্যাক্তি মালিকানাধিন তালগাছ কেটে বিভিন্ন করাত কলে বিক্রি করছে।

সরেজমিনে বিভিন্ন এলাকা ঘুরে দেখা গেছে, বন ও পরিবেশ রক্ষা ছাড়াও প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় সরকার তাল গাছ রোপণ করছেন। অপরদিকে বিভিন্ন এলাকায় তালগাছ কাটছেন করাত কলের মালিক ও কাঠ ব্যবসায়িরা। অনেকেই বিক্রি করছেন বিভিন্ন ইট ভাটায়।

বিশেষজ্ঞদের মতে, তাল ও নারিকেল গাছ দেশের প্রাকৃতিক ভারসাম্য রক্ষা ও বজ্রপাত প্রতিরোধে গুরুত্বপূর্ণ ভুমিকা রাখে। গ্রাম-বাংলার ঐতিহ্য রক্ষা ও শোভা বর্ধনে তাল ও নারিকেল গাছের জুড়ি মেলেনা। এক সময় বিভিন্ন সড়ক ও মহা সড়কের পাশে সারি-সারি তাল গাছ শোভা পেতে দেখা গেছে। এখনও দু’একটা তাল গাছ গ্রাম-গঞ্জের ঝোপ-ঝাড়ে দেখা গেলেও তা রক্ষায় সরকারি ভাবে নেই তেমন উদ্যোগ। অতীতে অপরিচিত মানুষের বাড়ি, জমি, পুকুর, মাঠ, মসজিদ, মাদরাসা, স্কুল, কলেজসহ বিভিন্ন স্থান দেখানোর জন্য বলা হতো উচুঁ ওই তাল গাছ টার পাশে।

এমনকি সরকারি বা বে-সরকারি ভাবে নানা দিক নির্দেশনার ক্ষেত্রেও তাল গাছের সহায়তা নেওয়া হতো। তালের পিঠা, তালের গুড়, তালের রস, সব মানুষের খুব মজাদার খাবার। বিশেষ করে অতীত সময় গুলোতে গ্রাম-বাংলায় তালের পিঠা ছাড়া আত্বীয়তা কল্পনাই করা যেত না। এছারা তাল গাছের পাতা দিয়ে তৈরী হয় নানা রকমের হাত পাখাও। ক্রমশই তাল গাছ হারিয়ে যাওয়ায় গ্রামীণ পরিবার গুলোতে নেই সেই তালের পিঠার অস্তিত্ব।

সরকারি ভাবে সঠিক নজরদারির অভাবে অযত্ন-অবহেলা ও গুরুতের অভাবে তাল গাছ কাটা হচ্ছে। যেভাবে তাল গাছ কাটা হচ্ছে, সেই ভাবে তালগাছ রোপন করা হচ্ছেনা বলে অভিযোগ বিভিন্ন গ্রামের বাসিন্দাদের।

স্থানীয়রা জানান, তালগাছ কেটে ফেলার কারণে এলাকাবাসির অভিযোগের প্রেক্ষিতে স্থানীয় প্রশাসন গাংনীর গাড়াডোব এলাকায় তালগাছ কাটার উপর নিষেধাজ্ঞা জারি করেন। এবং কোনো করাত কলে তাল নারিকেল গাছ ফাড়াই করা নিষেধ করেন। গাছ ব্যাবসায়ীরা তাল গাছ বেচা-কেনা কয়েক সপ্তাহের জন্য বন্ধ রাখার পর প্রশাসনের নিষেধকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে স্থানীয় গাছ ব্যাবসায়ীরা তাল ও নারিকেল গাছ বেচাকেনার উৎসবে মেতে উঠেছেন।

বিভিন্ন গ্রাম থেকে তাল ও নাারিকেল গাছ কেটে নিয়ে আসছে মেহেরপুরের গাংনী উপজেলার গাড়াডোব বাজারের লালা বিশ্বাস ও চপল বিশ্বাসের করাত কলে। সেখানে দেদারছে ফাড়াই করা হচ্ছে তাল ও নারিকেল গাছ। আসবাবপত্রের উপকরণ তৈরী করছেন ও ইটভাটায় বিক্রি করছেন ব্যাবসায়ীরা।

এব্যাপারে গাংনী উপজেলা ফরেস্টার অফিসার হামিম হায়দার জানান, জেলা প্রশাসনের পক্ষ থেকে নিষেধ করা হয়েছে। তবে তারা কি কারনে তাল ও নারিকেল গাছ ফাড়াই করছেন তা সঠিক ভাবে জানা নেই। তিনি আরো বলেন, চপল বিশ্বাসের করাত কলে কিছু গাছ মজুদ ছিলো, সে গুলি ফাড়াই করার পর আর নতুন করে তাল ও নারিকেল গাছ ফাড়াই করবে না বলে জানান এ কর্মকর্তা।

গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান জানান, তাল ও নারিকেল গাছ প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করার স্বার্থে তা রক্ষা করা অত্যান্ত জরুরী। যারা এসকল গাছ কাটা ও ফাড়াই করার সাথে জড়িত তাদের বিরুদ্ধে আইনগত ব্যাবস্থা নেয়া হবে। সেই সাথে স্থানীয় ব্যাক্তিদেরও এ সকল গাছ গাছালির রক্ষণাবেক্ষণ ও তাল নারিকেল গাছ রোপন বৃদ্ধিতে জনসচেতনতা সৃষ্টি করার পাশাপাশি সরকারি অর্থয়নে অনেক সড়কের পাশে তালগাছ রোপন করা হয়েছে।

-গাংনী প্রতিনিধি

গাংনীতে ২২ বিঘা জমি দখলের চেষ্টা

মেহেরপুরের গাংনী উপজেলার রামনগর গ্রামের সাত্তারের ছেলে আরিফ হোসেন, আনছার আলীর ছেলে সাজেদুল ইসলাম ও ভোলারদাড় গ্রামের রিয়াজ উদ্দিনের ছেলে কালামের নেতৃত্বে ১৫ থেকে ২০ জন মিলে ২২বিঘা জমির দখলের চেষ্টায় কলাই কেটে নিয়েছে বলে অভিযোগ উঠেছে।

গত বৃহস্পতিবার ভোরে সাজেদুল ও কালামের নেতৃত্বে ক্ষেতের কলাই কেটে নিয়ে গেছে বলে জানান ভুক্তোভোগি গাংনীর মৃত ইয়াকুব মোল্লার ছেলে জাকির হোসেন ও গাড়াডোব হঠাৎপাড়ার মৃত পাঞ্জাব আলি বিশ্বাসের ছেলে আবেদুল হক। আনুমানিক আড়াই লাখ টাকার ফসল কর্তন করে প্রতিপক্ষরা নিয়ে যায় বলে তারা অভিযোগ করেন।

উপজেলার বালিয়াঘাট, ব্রজপুর গ্রামের জনৈক মৃত রজব আলী, রহমান বিশ্বাস, হারেজ বিশ্বাসের নামে রামনগর মৌজায় তাদের নামীয় আর এস খতিয়ান ১৭২, ১২৮৩, ১৭৩ ও ৩৫২, আর এস দাগ নং ২৯৫৬, ৩২৭১, ২৯৫৮, ৩১৫৮ এই দাগে ৯ একর ১৪ শতক জমি হারেজ আলীর ওয়ারিশ ইনতাদুল হকের নামে প্রচলিত আছে বলে জানান ভুক্তোভোগিরা ।

ভুক্তোভোগি জাকির হোসেন জানান, দীর্ঘদিন যাবৎ আমাদের রেকর্ডীয় সম্পত্তিতে ফসল চাষ করলে উপজেলার রামনগর গ্রামের সাজেদুল ইসলাম ও কালামের নেতৃত্বে মোবারক মন্ডলের ছেলে আবুল কাশেম, আজিজুল ইসলামের ছেলে আমজাদ হোসেন, হামিদুল ইসলাম, আব্দুল সাত্তারের ছেলে আরিফ হোসেন, আফসার আলীর ছেলে নাজিমুদ্দিন চৌকিদার, মল্লিক মিয়ার ছেলে আফফান আলী, মনজেত কামারের ছেলে আব্দুল মান্নান, সমের আলীর ছেলে সমসের আলী, চাঁদ চৌকিদারের ছেলে আব্দুল বারী, ইয়াছিন আলীর ছেলে কামাল হোসেন, নিয়াত আলির ছেলে আব্দুল ছাত্তার ও তার ছেলে আশরাফুল ও আবদুল, কলিমদ্দিনের ছেলে আলমগীর, আবুল কাশেমের ছেলে রবকুল, আনছারের ছেলে সাজেদুল, মোফাজ্জেল মিয়ার ছেলে লাভলু, আফ্ফানের ছেলে কুদরত, শরিফুল ও ইনতাজ, খইমদ্দিনের ছেলে মন্টু, হাশেম আলির ছেলে লালন, আমজাদের ছেলে মামুর এবং শমসেরের ছেলে রুবেল প্রতিদিন রাতে ফসল তসরুপাত ও ফসল চুরি করে কেটে নিয়ে যায়।

এর প্রতিবাদ করলে তারা হত্যার হুমকি দিয়ে আসছে।

ভুক্তোভোগিরা আরও বলেন, আমাদের জমি সাজেদুল ও কালাম গংদের গ্রামে এবং বাড়ীর পাশে হওয়ায় প্রতিবার তারা জমির ফসল কর্তন ও জমির উপর নানা প্রকার অত্যাচার করেন। ফসল কাটার বিষয়টি নিষেধ করলে তারা হত্যার হুমকি দিয়ে বলে, এটা সরকারী খাস জমি এই জমিতে আসলে খবর আছে।

ফসল কর্তন ও জমির উপর নানা অত্যাচারের কারণে ইতিপৃর্বে গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে অভিযোগ করা হয় বলে জানান ভুক্তোভোগিরা। অভিযোগের ভিত্তিতে উভয় পক্ষকে নোটিশ করে বিষয় নিয়ে শুনানী ও তদন্ত হয়।

তদন্তে বিনিময় দলিল, ভিপি অবমুক্তিপত্র আর এস রেকর্ড আনুসাঙ্গীক কাগজপত্র বিবেচনা করে নালিশী জমিতে আরএস রেকর্ডীয় মালিকগণের স্বত্ত¦ বিদ্যমান থাকায় এ বিষয়ে গাংনী থানায় উভয় পক্ষে ৩শ’ টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে স্বাক্ষর করে আপোষ মিমাংসার পরিপ্রেক্ষিতে শান্তি শৃংখলা বজায় রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য ১১জুলাই ২০১৯ইং তারিখে স্মারক নম্বর ০৫.৪৪.৫৭৪৭.০০০.০৪.০১৭.১৯- নিদের্শ দেন তৎকালীন উপজেলা নির্বাহী কর্মকর্তা বিষ্ণু পদ পাল।

গাংনী থানার তৎকালীন ওসি হরেন্দ্রনাথ সরকার উভয় পক্ষকে গাংনী থানায় ৩শ’ টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে স্বাক্ষর করত আপোষ মীমাংসায় কোন ধরণের ফসল কর্তন বা অত্যাচার করবে না মর্মে অংগীকারবদ্ধ করেন।
সে অঙ্গিকার ভঙ্গ করে সাজেদুল ও কালাম গংরা আবারও বৃহস্পতিবার ভোরে ২২বিঘা জমিতে থাকা কলাই ক্ষেত জোর করে কেটে নিয়ে গেছে।

এ ব্যপারে গাংনী থানায় অভিযোগ করলে ওসি ওবাইদুর রহমান উভয় পক্ষকে নিয়ে শালিস করে ক্ষেতের কলাই ফেরত দেওয়ার জন্য সাজেদুল ও কালাম গংদের নির্দেশ দেন। এ নির্দেশনার পরও তারা ফসল এখন পর্যন্ত ফেরত দেয়নি বলে জানান ভুক্তোভোগিরা।
জানতে চাইলে গাংনী থানার ওসি ওবাইদুর রহমান বলেন, অভিযোগ পেয়েছি বিষয়টি গভীরভাবে তদন্ত চলছে। তদন্ত শেষে আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে।

এব্যাপারে গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান বলেন, জমির মীমাংসার বিষয়ে অবগত নই। তবে আগের কর্মকর্তা যদি ফসল কর্তন

বা ফসল তসরুপাত করবে না মর্মে আপোষ মীমাংসার নির্দেশ দিয়ে থাকে এবং আবারও যদি কেউ ফসল কর্তন করে তাহলে বিষয়টি তদন্ত করে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

- গাংনী প্রতিনিধি

আমতৈল মানিকদিয়া গ্রামের আহত আরফান বাকশক্তি ও দৃষ্টি শক্তিও হারাতে বসেছে

মেহেরপুরের গাংনী উপজেলার আমতৈল মানিকদিয়া গ্রামে আহত আরফান বাকশক্তি হারিয়ে ফেলেছে বলে জানিয়েছে কুষ্টিয়া সরকারি মেডিকেল কলেজের চিকিৎসক।

তিনি রোগীর স্বজন উজ্জলকে আরও জানিয়েছেন তার ঘাড়ে ও গোপনাঙ্গের শীরাতে মারাত্মক আঘাত হওয়ার কারণে শুধু বাকশক্তিই নয় ধীরে ধীরে তার দৃষ্টি শক্তিও হারাতে পারে।
এর আগে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আহত আরফানের অবস্থার উন্নতি না হলে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়। সেখানে একদিন রাখার পর চিকিৎসক আরফানের অবস্থার কোন ভাল খবর দিতে পারেনি।

গতকাল রবিবার কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালের চিকিৎসক আরফানের উন্নত চিকিৎসার জন্য রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন বলে জানান আরফানের স্বজনরা।

গত শনিবার দু’পরিবারের শিশুদের ভুত ভুত খেলা নিয়ে বাকবিতর্কতা শুরু হলে এক পর্যায়ে সংঘর্ষে রুপ নেয়। এতে ঐ গ্রামের সাইফুন মাঠ পাড়ার আবুল কালামের ছেলে আরফানকে আদম ও তার স্ত্রী কল্পনা এবং আদমের ছোটভাই কদম সহ পরিবারের আরও অনেকে বাঁশ রড ইট দিয়ে আঘাত করে মারাত্মক ভাবে জখম করে।

এ দিকে আরফানের স্বজন উজ্জল সাংবাদিকদের মোবাইল ফোনে বলেন

আরফানকে আহত করার পর তার স্ত্রী বেলি খাতুনকেও মেরে ফেলার জন্য খুজতে থাকে। যার ফলে বেলি খাতুন ঘটনার দিন গা ঢাকা দিয়ে রবিবার ভোরে তার স্বামীর কাছে চলে যায়।

- গাংনী প্রতিনিধি

মেহেরপুর জেলা যুবলীগের বিশেষ বর্ধিত সভা অনুষ্ঠিত

বাংলাদেশ আওয়ামী যুবলীগের সম্মেলন উপলক্ষে মেহেরপুর জেলা যুবলীগের বিশেষ বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার বিকালে মেহেরপুর পৌরসভার কালাচাঁদ মেমোরিয়াল হলে এ বর্ধিত সভা অনুষ্ঠিত হয়। বিশেষ বর্ধিত সভায় সভাপতিত্ব করেন মেহেরপুর পৌর মেয়র ও জেলা যুবলীগের আহŸ◌ায়ক মাহফুজুর রহমান রিটন।

জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশানের সঞ্চালনায় বর্ধিত সভায় বক্তব্য দেন, গাংনী উপজেলা যুবলীগের আহবায়ক ও পৌর মেয়র আশরাফুল ইসলাম, পৌর কাউন্সিলর আল মামুন, সদর উপজেলা আহবায়ক মিজানুজ্জামান অপু, যুবলীগ নেতা হাসানুজ্জামান হিলন, ইয়ানুস আলী, আবু শাকিল আঙ্গুর, খোকন, লাল্টু, পিরোজপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি ইসকেন্দার মাহমুদ বিপ্লব, সাধারণ সম্পাদক ওয়াসিম আলী স্বপন, বারাদি ইউনিয়ন যুবলীগের সভাপতি রিংকু মাহমুদ, সাধারণ সম্পাদক আলহামদু, আমঝুপি ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক তারিকুল ইসলাম তারিক, বাগোয়ান ইউনিয়ন যুবলীগের সভাপতি আজিজুর রহমান মংলা, সাধারণ সম্পাদক বাবুল মল্লিক, মোনাখালি ইউনিয়ন যুবলীগের সভাপতি খালেক, সাধারণ সম্পাদক শান্তি রাজ প্রমূখ। এসময় জেলা যুবলীগের ইউনিট প্রধানরা উপস্থিত ছিলেন।

আগামী ২৩শে নভেম্বর বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় সম্মেলন ও ১৯ শে নভেম্বর আনন্দ র্যালি উপলক্ষে জেলা যুবলীগের জরুরি বর্ধিত সভা অনুষ্ঠিত হয়।

-[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

-[redacted]

[redacted]

টুর্ণামেন্টে বর্শিবাড়িয়া ২ গোলে জয়ী

মেহেরপুর সদর উপজেলা রাজনগর গ্রামে সুখরঞ্জন ও বকুল রানী সরকার স্মৃতি ফুটবল টুর্নামেন্টে বর্শিবাড়িয়া ফুটবল একাদশ ২ গোলে জয়ী হয়েছে।

গতকাল রবিবার বিকালে রাজনগর স্কুল মাঠে এ খেলা অনুষ্ঠিত হয়। ৭০ মিনিটের খেলায় টান টান উত্তেজনায় বর্শিবাড়িয়া ফুটবল একাদশ ২-০ গোল করে দরবেশপুর নিরিবিলি স্পোর্টিং ক্লাব ফুটবল একাদশ দলকে পরাজিত করে।

খেলা শেষে ম্যান অব দা ম্যাচ ও সেরা গোলদাতা সহ তিন জনকে প্রাইজবন্ড দিয়ে পুরস্কৃত করা হয়। খেলাটি পরিচালনা করেন জহির উদ্দিন, ইমাদুল ইসলাম, হাসিবুল ইসলাম।

খেলাটির সার্বিক সহযোগীতায় ছিলেন সুধাংশু মোহন সরকার ও শ্রমতি ভারতী রানী সরকার। এসময় যাদুখালি স্কুল এন্ড কলেজের প্রভাষক মনোয়ার হোসেন আশাদুল, ইউপি সদস্য মোরশেদ কুলি ম্যাগ্যা, ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি মুক্তি আলী, খেলা পরিচালনা কমিটির সাধারণ সম্পাদক রবিউল ইসলাম সহ খেলা দেখতে আসা হাজার হাজার দর্শক খেলাটি উপভোগ করেন।

- নিজেস্ব প্রতিনিধি

গাংনীতে জোর পূর্বক ২২ বিঘা জমির কলাই কেটে নেওয়ার অভিযোগ

মেহেরপুরের গাংনী উপজেলার রামনগর গ্রামের আনছার আলীর ছেলে সাজেদুল ইসলাম ও ভোলারদাড় গ্রামের রিয়াজ উদ্দিনের ছেলে কালামের নেতৃত্বে ১৫ থেকে ২০ জন মিলে কৃষকের ২২বিঘা জমির কলাই জোর পূর্বক কেটে নিয়েছে বলে অভিযোগ উঠেছে।

ভুক্তোভোগিরা। অভিযোগের ভিত্তিতে উভয় পক্ষকে নোটিশ করে বিষয় নিয়ে শুনানী ও তদন্ত হয়।

তদন্তে বিনিময় দলিল,ভিপি অবমুক্তিপত্র আর এস রেকর্ড আনুসাঙ্গীক কাগজপত্র বিবেচনা করে নালিশী জমিতে আরএস রেকর্ডীয় মালিকগণের স্বত্ত¦ বিদ্যমান থাকায় এ বিষয়ে গাংনী থানায় উভয় পক্ষে ৩শ’ টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে স্বাক্ষর করে আপোষ মিমাংসার পরিপ্রেক্ষিতে শান্তি শৃংখলা বজায় রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য ১১জুলাই ২০১৯ইং তারিখে স্মারক নম্বর ০৫.৪৪.৫৭৪৭.০০০.০৪.০১৭.১৯- নিদের্শ দেন তৎকালিন উপজেলা নির্বাহী কর্মকর্তা বিষ্ণু পদ পাল।

গাংনী থানার তৎকালীন ওসি হরেন্দ্রনাথ সরকার উভয় পক্ষকে গাংনী থানায় ৩শ’ টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে স্বাক্ষর করত আপোষ মিমাংসায় কোন ধরণের ফসল কর্তন বা অত্যাচার করবেনা মর্মে অংগীকারবদ্ধ করেন।

সে অঙ্গিকার ভঙ্গ করে সাজেদুল ও কালাম গংরা আবারও বৃহস্পতিবার ভোরে ২২বিঘা জমিতে থাকা কলাই ক্ষেত জোর করে কেটে নিয়ে গেছে।

এ ব্যপারে গাংনী থানায় অভিযোগ করলে ওসি ওবাইদুর রহমান উভয় পক্ষকে নিয়ে শালিস করে ক্ষেতের কলাই ফেরত দেওয়ার জন্য সাজেদুল ও কালাম গংদের নির্দেশ দেন।

এ নির্দেশনার পরও তারা ফসল এখন পর্যন্ত ফেরত দেয়নি বলে জানান ভুক্তোভোগিরা।

জানতে চাইলে গাংনী থানার ওসি ওবাইদুর রহমান বলেন, অভিযোগ পেয়েছি বিষয়টি গভীরভাবে তদন্ত চলছে। তদন্ত শেষে আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে।

এব্যাপারে গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান বলেন, জমির মিমাংসার বিষয়ে অবগত নই।

তবে আগের কর্মকর্তা যদি ফসল কর্তন বা ফসল তসরুপাত করবে না মর্মে আপোষ মিমাংসার নির্দেশ দিয়ে থাকে এবং আবারও যদি কেউ ফসল কর্তন করে তাহলে বিষয়টি তদন্ত করে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

- গাংনী প্রতিনিধি

[redacted]

[redacted]

করেনি তবে অভিযোগ পেলে ব্যবস্থা নেওয়া হবে।

- গাংনী প্রতিনিধি

মেহেরপুরে অসামাজিক কার্যকলাপের দায়ে দুই নারী আটক

মেহেরপুরে অসামাজিক কার্যকলাপের দায়ে মহুয়া আক্তার কেয়া ও সুবর্না আক্তার নামের দুই নারীকে আটক করেছে ডিবি পুলিশ। গত শুক্রবার দিবাগত রাতে মেহেরপুর শহরের মল্লিক পাড়ায় বাবু দোকানদারের বাড়িতে অভিযান চালিয়ে তাদের আটক করা হয়।

অভিযান চলাকালে পুলিশের উপস্থিতি টের পেয়ে অজ্ঞাত এক যুব পালিয়ে যায় বলে জানান ডিবি পুলিশ।
আটক মহুয়া শহরের মল্লিকপাড়ায় বাবুর বাড়ির ভাড়াটিয়া সজলের স্ত্রী ও সুবর্না গাংনী বামুন্দির লাল্টু মিয়ার মেয়ে।

স্থানীয় সুত্রে জানা যায় বাবুর বাড়ি ভাড়া নিয়ে এরা দির্ঘদিন ধরে অসামাজিক কার্যকলাপ করে আসছে।

আটক দুজনকে শনিবার কোর্টে চালান করা হয়েছে বলে জানান ডিবি ওসি রবিউল ইসলাম।

- নিজস্ব প্রতিনিধি

গাংনীতে সড়ক দূর্ঘটনায়

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]